# ইউল্যাবের ৮ম সমাবর্তন অনুষ্ঠিত

**অনলাইন ডেস্ক**

প্রকাশিত: ২২:২৩, ২৮ অক্টোবর ২০২৫




ছবিঃ সংগৃহীত

আজ ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাব)-এর অষ্টম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে রাজধানীর বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ কনফারেন্স সেন্টারে। এবারের সমাবর্তনের প্রতিপাদ্য ছিল — "Informed Minds, Inspire Paths"।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ও ইউল্যাবের আচার্যের প্রতিনিধি সৈয়দা রিজওয়ানা হাসান সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব ও উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আইয়ুব ইসলাম। সমাবর্তন বক্তৃতা প্রদান করেন এপেক্স

ফুটওয়্যার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব সৈয়দ নাসিম মঞ্জুর।

এছাড়া ইউল্যাব বোর্ড অব ট্রাস্টিজের সদস্য সৈয়দা মাদিহা মোরশেদ এবং ইউল্যাবের উপাচার্য অধ্যাপক ইমরান রহমান নবীন স্নাতকদের উদ্দেশ্যে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন।

এবারের সমাবর্তনে ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (বিবিএ) প্রোগ্রামের শিক্ষার্থী তাশিন হক ৩.৮৬ সিজিপিএ অর্জন করে ভ্যালেডিক্টোরিয়ান অ্যাওয়ার্ড লাভ করেন। পাশাপাশি স্নাতক ও স্নাতকোত্তর উভয় পর্যায়ে মোট দুইজন শিক্ষার্থী স্বর্ণপদক অর্জন করেন।

সমাবর্তনে মোট ১,৫০৮ জন শিক্ষার্থী সনদপ্রাপ্ত হন, যার মধ্যে ১,১১১ জন স্নাতক ও ৩৯৭ জন স্নাতকোত্তর শিক্ষার্থী।

এ সময় বক্তারা শিক্ষার্থীদের ভবিষ্যৎ জীবনে দায়িত্বশীল ও মানবিক মূল্যবোধসম্পন্ন নাগরিক হিসেবে সমাজে ইতিবাচক ভূমিকা রাখার

আহ্বান জানান।